



বাংলাদেশ শিল্পকলা একাডেমি


৪৩.২০.০০০০.০০১.৯৯.০০১.১৮.১২৮

তারিখ: ০৮ নভেম্বর ২০১৮

বিষয়ঃ 'উপজেলা শিল্পকলা একাডেমি সাংস্কৃতিক উৎসব' আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ০১ নভেম্বর ২০১৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক নির্মিত সাতটি উপজেলা শিল্পকলা একাডেমির শুভ উদ্বোধন ঘোষণা করেন। দেশের শিল্প-সংস্কৃতি অঙ্গণের জন্য এ এক বিরাট প্রাপ্তি এবং এর মাধ্যমে বাংলাদেশ শিল্পকলা একাডেমির কার্যক্রম আনুষ্ঠানিকভাবে জেলা থেকে উপজেলা পর্যন্ত সম্প্রসারিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উপজেলা শিল্পকলা একাডেমি উদ্বোধন ঘোষণাকে উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ বাংলাদেশ শিল্পকলা একাডেমি সাতটি উপজেলায় দিনব্যাপী 'উপজেলা শিল্পকলা একাডেমি সাংস্কৃতিক উৎসব' আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে এবং উপজেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় এ উৎসব নভেম্বর ২০১৮ মাসে উদযাপিত হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, উপজেলা শিল্পকলা একাডেমির সাথে উৎসব আয়োজনে সংশ্লিষ্ট জেলা কালচারাল অফিসার সমন্বয়সাধন করবেন। উৎসবের ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি থেকে সভাপতি, উপজেলা শিল্পকলা একাডেমি বরাবর ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা প্রেরণ করা হবে। কেন্দ্রীয়ভাবে এ উৎসবের সংবাদ প্রচার করা হবে। বাংলাদেশের লোক সংস্কৃতি, সরকারের উন্নয়ন কর্মকান্ড এবং সংশ্লিষ্ট জেলার সংস্কৃতিকে তুলে ধরে এমন পরিবেশনার মাধ্যমে উৎসবের সাংস্কৃতিক আয়োজন পরিচালিত হবে। উক্ত উৎসব কেন্দ্রীয়ভাবে সমন্বয় করবেন জনাব আবু ছালেহ মো: আবদুল্লাহ, তার মোবাইল নম্বর : ০১৯১৮-৭১০৭৭৩।

এমতাবস্থায়, 'উপজেলা শিল্পকলা একাডেমি সাংস্কৃতিক উৎসব' বাস্তবায়নের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।


লিয়াকত আলী লাকী
মহাপরিচালক
ফোন: ০২৯৫৬২৮৩৬, ফ্যাক্স: ০২৯৫৬২৮৫৩

উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা শিল্পকলা একাডেমি
.....।

অনুলিপি : (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১. সভাপতি ও জেলা প্রশাসক, জেলা শিল্পকলা একাডেমি, -----।
২. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, -----।
৩. সদস্য সচিব, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি, -----।
৪. অফিস কপি।